সজীব কেমিক্যাল কোঃ লিঃ

বিষয় ঃ ‘পরিবেশক নিয়োগ’ এর ক্ষেত্রে বিবেচ্য বিষয় সমুহ ঃ

ক) নতুন পরিবেশক নির্বাচনের ক্ষেত্রে যে বিষয় গুলো পর্যবেক্ষন করবেনঃ

- আর্থিক স্বচ্ছলতা।
- পরিবেশক নেটওয়ার্ক।
- ডেলিভারী বাহন / ডেলিভারী ম্যান।
- পরিবেশকের অভিজ্ঞতা।
- মার্কেটে পরিবেশকের পরিচিতি।
- গুদাম।
- ঢাকা থেকে সহজে পরিবেশক পয়েন্টে ট্রান্সপোর্টের মাধ্যমে পন্য প্রেরনের সুবিধা আছে কি না?

খ) উপরে উলেখিত বিষয়ে আপনার মতামত যদি হ্যাঁ হয় তবে নীচের দেওয়া বিবরন অনুযায়ী কাগজ পত্র হেড অফিসে পাঠাবেন।

- আবেদন পত্র।
- ট্রেড লাইসেন্সের ফটোকপি।
- ২ কপি ছবি।
- ব্যাংক স্বচ্ছলতার সনদ পত্র, আয়কর সনদ, ন্যাশনাল আই. ডি. কার্ড এর কপি।

গ) কমপক্ষে...............টাকার একটি ডি ডি আবেদন পত্রের সাথে পাঠাতে হবে এবং যদি পুরাতন পরিবেশক থাকে, তবে নতুন পরিবেশককে জানাতে হবে যে, পুরাতন পরিবেশকের ঘরে যে পন্য আছে তা নগদ টাকায় নিতে হবে।

ঘ) ঢাকা হতে যে সকল পরিবহনের মাধ্যমে পন্য পাঠানো যাবে তার নাম,ঠিকানা অবশ্যই উলেখ করতে হবে।

ঙ) সকল শর্ত পুরন এবং প্রয়োজনীয় কাগজ পত্র প্রাপ্তির পর প্রধান কার্যালয়ের অনুমোদন সাপেক্ষে পরিবেশক নিয়োগ করা হবে।

চ) পুরাতন পরিবেশকের নিয়োগ বাতিলের ক্ষেত্রে করনীয় ঃ-

- কোন এলাকার পরিবেশক যদি বাদ দিতে চান তবে মৌখিক ভাবে পুরাতন পরিবেশককে জানাবেন এবং হেড অফিসে পরিবেশক বাদ দেওয়ার কারন উলেখ পূর্বক লিখিত চিঠি দেবেন।
- পুরাতন পরিবেশকের ঘরে যে পন্য আছে, তার একটা তালিকা তৈরী করবেন এবং অফিসে জানাবেন। হেড অফিস থেকে জেনে নিতে হবে পরিবেশকের কাছে কোন পাওনা আছে কি না,যদি থাকে তবে তা ডি ডি আকারে সংগ্রহ করে হেড অফিসে পাঠাবার ব্যাবস্থা করতে হবে।

ধন্যবাদ।

ঠিকানাঃ রূপায়ন তাজ, সুইচ নং এইচ-৫, ৬ষ্ঠ তলা, ১, ১/১, নয়াপল্টন, ঢাকা-১০০০.

সজীব কেমিক্যাল কোঃ লিঃ

পরিবেশক হওয়ার / নিয়োগের আবেদন পত্র।

....এর উৎপাদিত পন্য সমুহ ....এলাকায় সুষ্ঠুভাবে সরবরাহের নিমিত্তে কোম্পানীর উক্ত এলাকায় পরিবেশক হিসেবে নিয়োগ পাওয়ার জন্য কোম্পানীর সমীপে নিম্নে প্রয়োজনীয় তথ্য উপাস্থাপন করা হইল ঃ-

১. প্রতিষ্ঠানের নাম ঃ
২. স্বত্বাধিকারীর নাম ঃ
৩. পিতা /স্বামীর নাম ঃ
৪. ব্যবসা প্রতিষ্ঠানের পূর্ন ঠিকানা ঃ

৫. টেলিফোন নম্বর ঃ মোবাইল নং ঃ
৬. সরাসরি ব্যবসা পরিচালনাকারীর নাম ঃ
৭. পন্য গুদামজাত করন পরিবেশ ঃ ক) পাকা ☐ খ) আধা পাকা ☐
৮. পন্য পরিবহনের ধরন ঃ ক) পিক আপ ভ্যান☐ খ) তিন চাকা বেবী ☐ গ) রিক্সা ভ্যান ☐
৯. ....সুষ্ঠুভাবে বিতরনের জন্য কি পরিমান লোকবল নিযুক্ত করা হবে, তার বিবরন ঃ ☐ ☐ ☐
১০. বর্তমানে আর কোন কোন কোম্পানীর পন্য বাজারজাত করিতেছেন তার বর্ননা ঃ

কোম্পানীর নাম	ব্রান্ডের নাম	পন্যের ধরন	মাসিক বিক্রয়ের পরিমান

১১ ....পরিবেশক হিসেবে বিনিয়োগকৃত মুলধনের পরিমান ☐

১২. ঢাকা হতে যে সকল পরিবহনের মাধ্যমে পরিবেশক পয়েন্টে পন্য পাঠানো যাবে তার নাম..

উপরে উল্লেখিত সকল তথ্যাদী সম্পূর্ন সত্য বলে অঙ্গীকার বদ্ধ হয়ে নিম্নে স্বাক্ষর করিলাম ঃ-

স্বাক্ষর ঃ

আবেদনকারীর পূর্ন নাম ঃ

প্রতিষ্ঠানের সীলমোহর ঃ

তারিখ ঃ

পরিবেশক চুক্তিপত্র

১ম পক্ষ ঃ
মেসার্স সজীব কেমিক্যাল কো: লি:
রূপায়ন তাজ, সুইচ নং এইচ-৫, ৬ষ্ঠ তলা,
১, ১/১, নয়াপল্টন,
ঢাকা-১০০০।

২য় পক্ষ ঃ
মেসার্স...
প্রোপাইটর ....
....
.... ।

অদ্য.....................ইং, নিম্ন লিখিত শর্ত সাপেক্ষে প্রথম পক্ষের উৎপাদিত ও সরবরাহকৃত পন্য সুষ্ঠভাবে সরবরাহের জন্য ২য় পক্ষ পরিবেশক হিসেবে কাজ করার ইচ্ছা প্রকাশ করার মাধ্যমে নিম্নে উলেখিত চুক্তিতে আবদ্ধ হলঃ

১. ১ম পক্ষ, ২য় পক্ষকে...............................জেলার..
....থানা সমুহে পরিবেশক হিসাবে নিয়োগ দেয়া হইল।

২. ২য় পক্ষ, ১ম পক্ষ সজীব, কেমিক্যাল কো: লি: এর ইনভয়েস মুল্যের উপর ১০% কমিশন পাবেন।

৩. পরিবেশকের চাহিদাকৃত পন্য পরিবেশকের নির্ধারিত ট্রান্সপোর্ট পর্যন্ত পৌছানোর যাবতীয় পরিবহন খরচ ২য় পক্ষ বহন করিবে।

৪. ২য় পক্ষ মার্কেটের চাহিদাকৃত পন্য নিজ খরচে, নিজ দায়িত্বে সরবরাহ করবেন এবং টাকা পয়সা উত্তোলন করবেন এবং বিক্রিত পন্যের মুল্য বাবদ দেনাপাওনার জন্য কোম্পানী বা কোম্পানীর কর্মকর্তাগন দায়ী থাকিবে না।

৫. প্রথম পক্ষ যে কোন সময় পরিবেশকের কমিশন পরিবর্তন / পরিবর্ধন ও সংশোধন করতে পারবে। সে ক্ষেত্রে ২য় পক্ষকে সিদ্ধান্ত কার্যকর হওয়ার এক সপ্তাহ পূর্বে অবহিত করা হবে।

৬. কোম্পানীর পন্য বাজারজাত করণে কোম্পানীর সিদ্ধান্তই চূড়ান্ত বলিয়া গন্য হইবে।

৭. ১ম পক্ষের বিনা অনুমতিতে ২য় পক্ষ কোন প্রকার উপ-পরিবেশক বা এজেন্ট নিয়োগ বৈধ হইবে না।

৮. ২য় পক্ষ অবশ্যই ১ম পক্ষ কর্তৃক নির্ধারিত এলাকায় পন্য বিক্রয় করিবেন, ১ম পক্ষের অনুমোদন ছাড়া কোন ক্রমেই ২য় পক্ষ নির্ধারিত এলাকার বাহিরে পন্য বিক্রয় করিতে পারিবেন না।

৯. কোম্পানীর প্রতিনিধি কর্তৃক সংগৃহীত অর্ডার সরবরাহের পূর্ন নিশ্চয়তা থাকতে হবে (অর্ডার এর পরিমান যতই কম কিংবা সরবরাহ ব্যয় বেশী এই অজুহাতে কোন এলাকা উপেক্ষা করা যাবে না)।

সজীব কেমিক্যাল কোঃ লিঃ

---

১০. ১ম পক্ষের মুদ্রিত বিল বা লিখিত নির্দেশ মোতাবেক কোম্পানীর এস. ও. , এস. ই., এরিয়া ম্যানেজারদের বেতন / টি.এ. / ডি. এ. ও অন্যান্য বিল যথা সময়ে ২য় পক্ষকে প্রদান করিতে হইবে, যাহা পরবতীর্তে অফিসে প্রেরণ সাপেক্ষে ২য় পক্ষের হিসাবে সমন্বয় করা হইবে।

১১. ১ম পক্ষের লিখিত অনুমোদন ব্যতিত কোম্পানীর কোন প্রতিনিধিকে নগদ টাকা, পন্য প্রদান সম্পূর্ন নিষেধ। যদি কেহ প্রদান করেন, তবে এর জন্য ১ম পক্ষ দায়ী থাকিবে না।

১২. প্রথম পক্ষ প্রয়োজন সাপেক্ষে একই এলাকায় আলাদা আলাদা পরিবেশক নিয়োগ করার ক্ষমতা রাখে অর্থাৎ ২য় পক্ষের পন্য বিতরনে পরিবেশকের সীমানা সংকোচন, বর্ধন কিংবা যে কোন ধরনের পরিবর্তন করার অধিকার ১ম পক্ষ সংরক্ষন করেন।

১৩. ২য় পক্ষের ব্যবসা ও সার্বিক কর্মকান্ড ১ম পক্ষের নিকট সন্তোষজনক মনে না হলে অথবা ২য় পক্ষের উপর আরোপিত শর্তাবলীর যে কোনটি লংঘনে, ১ম পক্ষ ১মাসের নোটিশে কোন কারণ প্রদর্শন ব্যতিরেকেই পরিবেশকের নিয়োগ বাতিল করিতে পারিবে। ইহাতে স্থানীয় কোন পরিবেশক সমিতি, ব্যবসায়িক সমিতি ইত্যাদির কোন আপত্তি ও সিদ্ধান্ত গ্রহনযোগ্য হইবে না।

১৪. ১ম পক্ষের সাথে ২য় পক্ষের হিসাব মীমাংসার জন্য ২য় পক্ষের গুদামের পন্য, ১ম পক্ষের নিকট পূর্বেই হস্তান্তর করিতে হবে। কোম্পানীর প্রধান কার্যালয়ে চুড়ান্ড় হিসাব নিস্পত্তি করিতে হবে।

১৫. হিসাব মীমাংসার ক্ষেত্রে জটিলতার কারনে, আইনের আশ্রয় গ্রহন করার প্রয়োজন হলে উভয় পক্ষ ঢাকাতেই সকল আইনী সমস্যা সমাধান করবেন।

১৬. ২য় পক্ষ পরিবেশক হইতে অব্যহতি গ্রহন এর ক্ষেত্রে, ১মাস পূর্বে ১ম পক্ষের বরাবর লিখিত ভাবে আবেদন করিবেন।

১৭. পন্য উত্তোলনের সময়, যে কোন ব্যাংকের মাধ্যমে ডি.ডি./ টি.টি./ অনলাইনের মাধ্যমে মুল্য পরিশোধ করিতে হইবে। সকল প্রকার ডি.ডি./ টি.টি./ অনলাইন ঃ“ সজীব কেমিক্যাল কো: লি:” এর অনুকুলে করতে হবে।

১ম পক্ষ ঃ

মেসার্স সজীব কেমিক্যাল কো: লি:

এর পক্ষে ঃ

স্বাক্ষর:

পূর্ন নাম:

পদবী:

তারিখ:

সীলমোহর:

২য় পক্ষ ঃ

মেসার্স ....

....

স্বাক্ষর:

পূর্ন নাম :

পদবী :

তারিখ :

সীলমোহর: